গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২৬.০০৫.১৮-১৭২০

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০
০৩ আগস্ট ২০২৩

**বিষয় : ভোলা জেলা পরিষদের জন্য ০১ (এক) টি নতুন জীপগাড়ি (Mitsubishi Pajero Sport QX) ক্রয়ের অনুমতি সংক্রান্ত।**

সূত্র: (১) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়রে স্মারক নং-৬০, তারিখ: ২৪/০৭/২০২৩।
(২) জেলা পরিষদ, ভোলা এর স্মারক নং-৪৭৬, তারিখ: ৩০/০৫/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ভোলা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১,৪৫,৮৪,৫০০.০০ (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ চুরাশি হাজার পাঁচশত টাকা) প্রাক্কলিত ব্যয়ে ০১(এক)টি নতুন জীপ গাড়ি (Mitsubishi Pajero Sport QX) নিম্নবর্ণিত শর্তে ক্রয়ের অনুমতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

**(ক)** ভোলা জেলা পরিষদের চলতি ২০২৩-২৪ অর্থবছরে যানবাহন (জীপ/ পিকআপ/ মাইক্রোবাস গাড়ি ক্রয়) খাতে বরাদ্দকৃত ৩.০০ কোটি টাকা হতে এ ব্যয় নির্বাহ করতে হবে; এ জন্য অর্থ বিভাগ হতে কোন অর্থ বরাদ্দ প্রদান করা হবে না;

**(খ)** উপরোক্ত গাড়ি ক্রয়ের ক্ষেত্রে পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর বিধানাবলী অনুসরণ করতে হবে;

**(গ)** জীপ গাড়ি ক্রয়ের পূর্বে কনডেমনেশন কমিটি কর্তৃক অকেজো ঘোষিত জীপ গাড়িটি (ভোলা-ঘ-১১-০০৮) বিআরটিএ কর্তৃক নির্ধারিত প্রাক্কলিত মূল্য ৮.০০ লক্ষ টাকাকে ভিত্তি মূল্য ধরে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে সর্বোচ্চ মূল্য প্রদানকারী ব্যক্তি/ প্রতিষ্ঠানের কাছে পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে নিলামে বিক্রি করে বিক্রিত অর্থ প্রচলিত বিধি-বিধান অনুযায়ি সরকারি কোষাগারে/ ভোলা জেলা পরিষদের ব্যাংক হিসাবে জমা প্রদান করতে হবে এবং বিষয়টি স্থানীয় সরকার বিভাগ ও অর্থ বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;

**(ঘ)** স্থানীয় সরকার বিভাগের ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪২নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে;এবং

**(ঙ)** এ বিষয়ে প্রচলিত বিধি এবং অন্যান্য আনুষ্ঠানিকতা আবশ্যিকভাবে পালন করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে।

০৩/০৮/২৩

মোহাম্মদ সামছুল হক
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, ভোলা।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ভোলা।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।